**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

Headlines :

**১) কেন্দ্রীয় সমবায়মন্ত্রী অমিত শাহ আজ ধলাই জেলায় ব্রু পুনর্বাসন শিবির পরিদর্শন করেন এবং ৬৬৮ কোটি ৩৯ লক্ষ টাকার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ।**

**২) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, ভারতকে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনৈতিক শক্তি হিসেবে গড়ে তুলতে সমবায়ের সঙ্গে সবাইকে যুক্ত হতে হবে ।**

**৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৭১ হাজারেরও বেশি নিয়োগপত্র বিতরণ করবেন।**

**৪) বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় অরুণাচল প্রদেশের বিরুদ্ধে প্রথম দিনেই লিড নিল ত্রিপুরা।**

**********************************************

**Amit Shah, Dhalai:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ মাসুরাই পাড়ায় এক জনসভায় ত্রিপুরার জন্য ৬৬৮ কোটি ৩৯ লক্ষ টাকার ১৩টি প্রকল্পের উদ্বোধন ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। যে ৬টি প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করেন সেগুলি হল- ধলাই জেলার ব্রুহাপাড়াতে একটি এস বি স্কুল, একটি স্বাস্থ্য ও সুস্থতা কেন্দ্র,

বাজার শেড, বিরাশি মাইল প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নতুন ভবন, উল্টাছড়াতে স্বাস্থ্য ও সুস্থতা কেন্দ্র এবং আগরতলার আখাউড়া রোডে স্মার্ট সিটি প্রকল্পে বর্জ্য পরিশোধন প্ল্যান্ট। যে ৭টি নতুন প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়, সেগুলি হল আগরতলায় সেন্ট্রাল ডিটেকটিভ ট্রেনিং ইন্সটিটিউট, আমবাসা মহকুমা শাসকের দপ্তরের নতুন ভবন, গন্ডাতুইসায় মহকুমা হাসপাতাল, জিরানীয়ায় অ্যাপ্রোচ রোড-সহ ২টি রেলওয়ে ওভারব্রিজ, খোয়াই-এর পদ্মবিল আর ডি ব্লকের অধীন দেবেন্দ্র চৌধুরী পাড়া থেকে ছনখলা পর্যন্ত রাস্তা নির্মাণ, ১১টি স্থানে বর্জ্য পরিশোধন প্ল্যান্ট নির্মাণ এবং আগরতলায় প্রধান রাস্তার উন্নতিকরণ। স্বরাষ্ট্রমন্ত্রী ব্রু শরণার্থীদের সমস্যার সুরাহা না করায় বামফ্রন্ট সরকারের সমালোচনা করেন। তিনি বলেন, ২০১৮ সালে বিজেপি নেতৃত্বাধীন সরকার ক্ষমতায় আসার পর, ব্রু সম্প্রদায়ের ৪০ হাজার মানুষের সমস্যার সমাধান করেছে। তিনি বলেন, রাজ্যের বিভিন্ন জেলার এগারোটি গ্রামে ব্রু বাসিন্দাদের বসতি স্থাপন করতে সরকার ৯০০ কোটি টাকা ব্যয় করেছে। তিনি বলেন ব্রু সম্প্রদায়ের লোকেরা বিশুদ্ধ পানীয় জল, বিদ্যুৎ সংযোগ, প্রাথমিক শিক্ষা, স্বাস্থ্যসেবা সহ অন্যান্য সুবিধা থেকে বঞ্চিত ছিলেন । কিন্তু তাদের বসতি স্থাপনের পর ব্রু সম্প্রদায়ের বাসিন্দারা তাদের বাড়িতে বিশুদ্ধ পানীয় জল, বিদ্যুৎ সংযোগ, সুশিক্ষা, কর্মসংস্থান ও শৌচাগার পাচ্ছেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা'র সঙ্গে এই কর্মসূচিতে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা, সাংসদ বিপ্লব কুমার দেব ও কৃতি দেবী দেববর্মাও উপস্থিত ছিলেন।

এর আগে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ধলাই জেলার হাদুকলকে ব্রু পুনর্বাসন শিবির পরিদর্শন করেছেন। সেখানকার ব্রু জনগণের সঙ্গে আলাপচারিতার সময়, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী স্থায়ী বাড়ি পাওয়ার পর তাদের অনুভূতি নিয়ে কথা বলেন।

তিনি তাদের  রেশন কার্ড, আধার কার্ড ইত্যাদি বিষয়ে খোঁজ নিয়ে বাসিন্দাদের আশ্বস্ত করেন যে যাদের আয়ুষ্মান ভারত কার্ড নেই তারা শীঘ্রই তাদের নিজস্ব কার্ড পাবেন।

স্বরাষ্ট্রমন্ত্রী যুবকদের দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ নিয়ে নিজেদের ব্যবসা শুরু করার এবং  জীবনে উন্নতির জন্য সুশিক্ষা গ্রহণের আহ্বান জানান। স্বরাষ্ট্রমন্ত্রী বাসিন্দাদের বাড়ি, বাজার এবং একটি স্কুলও পরিদর্শন করেন।

***********************

**Co-operative, Amit Shah:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ বলেছেন, ভারতবর্ষ ২০২৭ সালের মধ্যে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনৈতিক শক্তি হয়ে উঠবে। সেই লক্ষ্য পুরনে সমবায়গুলিরও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে । দেশের একশ ৪০ কোটি জনগনকে কোন না কোনভাবে সমবায়ের সঙ্গে যুক্ত করতে হবে। শ্রী শাহ আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সমবায় দপ্তর আয়োজিত সমবায় সম্মেলনে ভাষণ দিচ্ছিলেন। সম্মেলনে তিনি রাজ্যের জন্য বেশ কিছু প্রকল্পের সূচনা করেন। সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, সাংসদ বিপ্লব কুমার দেব, আগরতলার পুর মেয়র দীপক মজুমদার, কেন্দ্রীয় সমবায় সচিব আশীষ কুমার ভুটানি, রাজ্য সরকারের মুখ্য সচিব জে. কে. সিনহা।  মন্ত্রী শ্রী শাহ ত্রিপুরায় সমবায় দপ্তরের কার্যকলাপে প্রশংসা করে বলেন, পূর্বতন বামফ্রন্ট সরকারের আমলে ত্রিপুরায় সমবায় আন্দোলন শুরু হলেও সমবায়গুলি লোকসানে চলতো। কিন্তু ২০১৮ সালে রাজ্যে বিজেপি সরকার গঠনের পর সমবায়গুলি লাভের মুখ দেখতে শুরু করে । তিনি বলেন সারা দেশে ৮ লক্ষেরও বেশি সমবায় সমিতি রয়েছে। সমবায়গুলি মূলতঃ দুগ্ধ ও মৎস্য চাষ ভিত্তিক। কেন্দ্রীয় সরকার বর্তমানে কৃষিসার, জনঔষধি, রান্নার গ্যাস, পেট্রোল পাম্প ও গুদাম ইত্যাদির

মাধ্যমে সমবায়গুলিকে আর্থিকভাবে স্বয়ম্ভর করে তুলতে উদ্যোগ নিয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সমবায়ের মাধ্যমে বিশ্বের বৃহত্তম অন্ন ভান্ডার যোজনা চালু করার লক্ষ্য নিয়েছেন। তিনি বলেন, ত্রিপুরায় ৩ হাজার ১৩৮টি সমবায় সংস্থা কাজ করছে। তিনি মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার প্রশংসা করে বলেন তাঁর নেতৃত্বে সমবায়ের ৫৭ টির মধ্যে ৪৭টি প্রকল্প ইতিমধ্যেই বাস্তবায়িত হয়েছে।

তিনি ত্রিপুরার কৃষকদের প্রশংসা করেন............

######BYTE######

তিনি বলেন, ত্রিপুরায় উৎপাদিত কৃষি পণ্যের ৭০ শতাংশই জৈব চাষ সমৃদ্ধ। এর প্রচার প্রসারের জন্য তিনি রাজ্যের কৃষকদের ন্যাশনাল কো-অপারেটিভ কনজিউমারস ফেডারেশন লিমিটেডের সহযোগিতায় জৈব চাষের রেজিস্ট্রেশন করার পরামর্শ দেন। তিনি বলেন, এর মাধ্যমে কৃষকরা উৎপাদিত পণ্যের দাম আরও ৩০ শতাংশ বেশি পাবেন । তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'সহকারিতা সে সমৃদ্ধির' যে আহ্বান জানিয়েছেন সেই লক্ষ্য নিয়েই সমবায়কে আরও শক্তিশালী করতে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে। এর মাধ্যমে আরও রোজগারের ব্যবস্থা করাই সরকারের লক্ষ্য।

তিনি বলেন, ত্রিপুরায় ২০১৭ সালের মাত্র ২ দশমিক ৮৬ শতাংশ পরিবারে পানীয় জলের নলের সংযোগের জায়গায় বর্তমানে ৮৭ শতাংশ সংযোগ হয়েছে। ত্রিপুরার ৮০ শতাংশ নাগরিক ৫ কিলোগ্রাম করে খাদ্য শস্য পাচ্ছেন বিনামূল্যে। ৫ লক্ষ টাকা পর্যন্ত স্বাস্থ্য বীমার সুযোগ পাচ্ছেন। রাজ্যের মাথা পিছু আয় বেড়েছে দ্বিগুনেরও বেশি।

সম্মেলনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, সমবায় মন্ত্রক গঠিত হওয়ার পর প্রথম দায়িত্ব নিয়ে মন্ত্রী অমিত শাহের নেতৃত্বে এই মন্ত্রকে নতুন নতুন দিক খুলে যাচ্ছে। মুখ্যমন্ত্রী

বলেন, ত্রিপুরায় বর্তমানে অভ্যন্তরীণ গড় উৎপাদন বৃদ্ধি পেয়ে হয়েছে ৮৯ শতাংশ। তাছাড়া বর্তমানে রাজ্যে মাথা পিছু আয় বেড়ে হয়েছে ১ লক্ষ ৭৭ হাজার ৭৭৩ টাকা যা ২০১২ সালের তুলনায় দ্বিগুনের বেশী।

মুখ্যমন্ত্রী বলেন ল্যাম্পস ও প্যাকসের মাধ্যমে বিভিন্ন পরিষেবা প্রদানে উদ্যোগী হয়েছে রাজ্য সরকার।

######BYTE######

সম্মেলনে কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ ন্যাশানাল কো-অপারেটিভ কনজিউমারস ফেডারেশন প্রদত্ত ভারত ব্র্যান্ডের মোবাইল ভ্যান, নাবার্ড প্রদত্ত রুরাল মার্টের মোবাইল ভ্যানের সূচনা করেন। তাছাড়া ৫০টি প্রাথমিক সমবায় সমিতিকে মাইক্রো এটিএম বিতরন করেন।

***********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***********************

**Rojgar Mela:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৭১ হাজারেরও বেশি নিয়োগপত্র বিতরণ করবেন। এ উপলক্ষে সমাবেশে বক্তব্যও রাখবেন তিনি। এ উপলক্ষে সারাদেশে ৪৫টি স্থানে রোজগার মেলা অনুষ্ঠিত হবে। ত্রিপুরায় এই রোজগার মেলা হবে শালবাগান বি এস এফ সদর দপ্তরে । কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক ও বিভাগের জন্য নিয়োগগুলি হচ্ছে। কর্মসংস্থান সৃষ্টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার জন্য প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি পূরণের পথে এই রোজগার মেলা তরুণদের দেশ গঠন এবং আত্ম ক্ষমতায়নে অংশগ্রহণের জন্য সুযোগ প্রদান করবে।

*************************

**PETROLEUM AGENCY:**

স্বরাষ্ট্র মন্ত্রী অমিত সাহা আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবন থেকে ভার্চুয়ালভাবে উদয়পুরে আইতরমা পেট্রোলিয়াম এজেন্সির দ্বারোদ্ঘাটন করেন। উদয়পুর ছনবন এলাকায় ভারত সরকার ও এইচ পি সি এল এর যৌথ উদ্যোগে আয়োজিত এই উদ্বোধনী অনুষ্ঠানে ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রাম প্রসাদ পাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি বলেন, রাজ্যে এই প্রথম সরকারি উদ্যোগে পেট্রোল পাম্প চালু হচ্ছে । রাজ্যে এরকম ২০টি পেট্রোল পাম্প গড়ে তোলা হবে । তিনি জানান কিছুদিনের মধ্যে উদয়পুরে আরও একটি আইতরমা ডিপার্টমেন্টাল স্টোর গড়ে তোলা হবে। অনুষ্ঠানে বিধায়ক অভিষেক দেবরায়, জিতেন্দ্র মজুমদার, রঞ্জিত দাস, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, এইচ পি সি এল এর আঞ্চলিক ম্যানেজার রাহুল কুমার সিংহ উপস্থিত ছিলেন।

*************************

**PM, Kuwait:**

কুয়েতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে তার সর্বোচ্চ সম্মান, অর্ডার অফ মোবারক আল কাবীর প্রদান করেছে। বিদেশ মন্ত্রক জানিয়েছে, এর আগে প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন ও জর্জ বুশ এবং যুক্তরাজ্যের প্রিন্স চার্লসের মতো বিদেশি নেতাদের এই পুরস্কার দেওয়া হয়েছে।মন্ত্রক জানিয়েছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর এটি ২০তম আন্তর্জাতিক সম্মান।

***********************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে ডিসেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

***********************

**Bijoy Marchant Trophy:**

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় অরুণাচল প্রদেশের বিরুদ্ধে প্রথম দিনেই লিড নিল ত্রিপুরা। কটকে অনুষ্ঠিত খেলার প্রথম দিনে অরুণাচল প্রদেশ প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে মাত্র ৫৩ রান করে। জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে ৮ উইকেট হারিয়ে প্রথম দিনের শেষে ২৫৪ রান করে।

***********************

**Sadar 13 Cricket:**

টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ চারটি খেলা হয়। এতে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে মডার্ণ ক্রিকেট একাডেমি ১০ উইকেটে ব্লাডমাউথ ক্লাবকে, নেপকো মাঠে চাম্পামুড়া কোচিং সেন্টার ১৯৮ রানে পোলস্টার ক্লাবকে, বি কে এন ভি মাঠে প্রগতি প্লে সেন্টার ৮ উইকেটে এন এস আর সি সি'কে এবং আম্বেদকর স্কুল মাঠে জিবি কোচিং সেন্টার ১৬০ রানে কর্ণেল চৌমুহনী কোচিং সেন্টারকে পরাজিত করে।

************************

**Weather:**

আগামীকাল আকাশ পরিস্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ২৪ ডিগ্রি এবং সর্বনিম্ন বারো ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রি এবং সর্বনিম্ন ১১.৪ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার, দু-এক জায়গায় ঘন কুয়াশা পড়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

************************

************************